



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৭২৩

তারিখঃ ০৮/১১/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৮৭ তম কমিশন সভা অদ্য ০৮/১০/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদী Prime Finance Second Mutual Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। মিউচুয়াল ফান্ডটির লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ২০ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৩০ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির অভিজিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা Prime Finance and Investment Limited, সম্পদ ব্যবস্থাপক Prime Finance Asset Management Company Ltd. এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান Investment Corporation of Bangladesh।
২. CMSL Securities Limited (DSE TREC No. 113) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

ক) নন মার্জিনেবল “Z” ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ এবং “Z” ক্যাটাগরির শেয়ার ক্রয় বিক্রয়ে নেটিং সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 এবং SEC/SRMID/94-231/1640 তাং 31/01/2008 এর লংঘন; এবং

খ) নেট ক্যাপিটাল ব্যালেন্সে বিভ্রান্তিমূলক তথ্য প্রদানের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 2 (bb) এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় কমিশন, CMSL Securities Limited -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. Arena Securities Limited (DSE TREC No. 025) -এ ডিএসই-র পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

ক) অনুমোদিত প্রতিনিধির আত্মীয়ের নামে পরিচালিত বিও হিসাবে নেগেটিভ ব্যালেন্স প্রদান করার মাধ্যমে Commission's Directive No:- SEC/CMRRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 ভঙ্গ;

খ) গ্রাহকের হিসাবে তহবিল ঘাটতি থাকার পরেও কিছু বিনিয়োগকারীকে অর্থ প্রদান করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিলে বর্ণিত আচরনবিধির অনুচ্ছেদ-১ এর লংঘন; এবং

গ) ক্যাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Section 3 (2) এর লংঘন।

উল্লেখ্য Arena Securities Limited বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করলেও ইতোমধ্যে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইন পরিপালনের মাধ্যমে ঘাটতিসমূহ দূর করেছে বিধায় কমিশন আজকের সভায় Arena Securities Limited -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

পাতা ১/২



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৪. Haji Ahmed Brothers Securities Limited (DSE TREC No. 041) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :


- ক) বিনিয়োগকারীকে নেট ক্যাপিটাল ব্যালেন্স (জানুয়ারী-মার্চ ২০১২) এর ২৫% এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Section 5 (1) এর লংঘন;
- খ) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন; এবং
- গ) Consolidated Customer Account -এ প্রায় ৩ (তিন) কোটি টাকা ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (1) & (2) লংঘন এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর বিধি ১ ও ৬ এর লংঘন।

উল্লেখ্য Haji Ahmed Brothers Securities Limited বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করলেও ইতোমধ্যে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইন পরিপালনের মাধ্যমে ঘাটতিসমূহ দূর করেছে বিধায় কমিশন আজকের সভায় Haji Ahmed Brothers Securities Limited -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. Salta Capital Limited (DSE TREC No. 104) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

- ক) Consolidated Customer Account -এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (1) & (2) লংঘন এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর বিধি ১ ও ৬ এর লংঘন।
- খ) কতিপয় শেয়ার Short Sale করার মাধ্যমে Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এর Regulation 4(1) এর লংঘন;
- গ) গ্রাহকের সাথে লেনদেনের বিপরীতে পাঁচ লক্ষ টাকার অধিক নগদ জমা প্রদানের সুবিধা প্রদানের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) -এর বিধান লংঘন; এবং
- ঘ) বিনিয়োগকারীকে কনফার্মেশন নোট প্রদান না করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 4(5) এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Salta Capital Limited -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


06/12/2012

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।